রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জানুয়ারি ২৭, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৯ মাঘ, ১৪২৮ বঙ্গাব্দ/২৩ জানুয়ারি, ২০২২ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং-২৩-আইন/২০২২/৫২/কাস্টমস।**—জাতীয় রাজস্ব বোর্ড, Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219 এর sub-section (1), section 21 এর clause (a) এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম, প্রযোজ্যতা ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানি বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথা:—

(ক) কূটনৈতিক এবং Privileged Persons (Customs Procedure) Rules, 2003 এর rule 2 এর clause (d) এ সংজ্ঞায়িত Privileged Persons কর্তৃক আমদানিকৃত কোনো পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম;

(খ) Customs Act, 1969 এর FIRST SCHEDULE এ বর্ণিত Heading 87.02 এর HS Code ও Heading 87.03 এর HS Code এর অন্তর্গত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম আমদানি; এবং

(গ) কোনো প্রকল্পে বা প্লান্টে বা মেশিনে বা সুনির্দিষ্ট কোনো উদ্দেশ্যে ব্যবহারের লক্ষ্যে আমদানিকৃত ভোগ্যপণ্য (consumable products) যাহা উক্ত প্রকল্পে বা প্লান্টে বা মেশিনে বা উক্ত উদ্দেশ্যে ব্যবহারের ফলে আংশিক বা সম্পূর্ণভাবে নিঃশেষিত হয় বা ব্যবহারের অনুপযোগী হয়।

(৩) এই বিধিমালা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "**কমিশনার**" অর্থ Customs Act, 1969 এর section 3 এর অধীন নিয়োগপ্রাপ্ত কমিশনার অব কাস্টমস;

(খ) "**কাস্টমস স্টেশন**" অর্থ Customs Act, 1969 এর section 2 এর clause (k) এ বর্ণিত কাস্টমস স্টেশন;

(গ) "**সাময়িক আমদানি**" অর্থ ফেরতের ভিত্তিতে আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম যাহা আমদানির নিমিত্ত বিদ্যমান আমদানি নীতি আদেশে বর্ণিত আমদানি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিকট হইতে গৃহীত আমদানি লাইসেন্স অথবা অনুমতি (Permit) অথবা প্রাপ্যতা (entitlement) পত্রে ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানির উল্লেখ রহিয়াছে।

৩। **ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম সাময়িক শুল্কায়ন পদ্ধতি ও আমদানির অনুমতি।**—(১) ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম সাময়িক শুল্কায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের কমিশনারের নিকট আমদানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি এবং পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জামের মূল্যের প্রমাণক তথ্য ও দলিলাদি দাখিল করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত দলিলাদি সঠিক থাকিলে, অন্যূন সহকারী কমিশনারের তত্ত্বাবধানে শতভাগ কায়িক পরীক্ষা (physical examination) করিয়া উক্ত পরীক্ষার প্রতিবেদনের ভিত্তিতে পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জামের চালান সাময়িক শুল্কায়ন করিতে হইবে এবং বিল অব এন্ট্রির মুদ্রিত সংস্করণ (hard copy) এর উপর সুস্পষ্টরূপে 'ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানি' শব্দসমূহ উল্লেখ করিতে হইবে।

(৩) কাস্টমস কম্পিউটার সিস্টেম অথবা ASYCUDA World ব্যবহৃত হয় এইরূপ কাস্টমস স্টেশনে শতভাগ কায়িক পরীক্ষা সম্পাদনের পর উল্লিখিত তথ্যাদি inspection act এ অন্তর্ভুক্ত করিতে হইবে।

(৪) সাময়িক শুল্কায়িত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জামের চালানের তথ্য বৎসর ভিত্তিক সংখ্যানুক্রমিকভাবে ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানি রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে।

(৫) আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম যে উদ্দেশ্যে আমদানি করা হইয়াছে সেই উদ্দেশ্য ব্যতীত অন্য কোনো উদ্দেশ্য বা অন্য কোনো প্রকল্পে ব্যবহার করা হইবে না অথবা অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট বিক্রয় বা হস্তান্তর বা সরবরাহ করা হইবে না মর্মে আমদানিকারককে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কমিশনারের নিকট দাখিল করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো প্রকল্পের ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম অন্য কোনো প্রকল্পে ব্যবহারের ক্ষেত্রে উভয় প্রকল্পের প্রকল্প পরিচালকের সম্মতিপত্র গ্রহণ করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস) এর অনুমতি সাপেক্ষে উপ-বিধি (৬) এ বর্ণিত ব্যাংক গ্যারান্টি সংশোধনপূর্বক অন্যান্য আনুষ্ঠানিকতা নূতনভাবে সম্পন্ন করিয়া উক্ত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম উল্লিখিত প্রকল্পে ব্যবহার বা হস্তান্তর করা যাইবে।

(৬) সাময়িক শুল্কায়নকালে আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জামের উপর প্রযোজ্য শুল্ক-করের বিপরীতে জামানত হিসাবে কোনো তফসিলি ব্যাংক হইতে শুল্ক-করের সমপরিমাণ অর্থের নিঃশর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি দাখিল করিতে হইবে।

(৭) উপ-বিধি (২) এর অধীন সাময়িক শুল্কায়ন, উপ-বিধি (৫) এর অধীন অঙ্গীকারনামা এবং উপ-বিধি (৬) এ বর্ণিত ব্যাংক গ্যারান্টি যথাযথভাবে সম্পাদন করা হইলে, কমিশনার অনূর্ধ্ব ১ (এক) বৎসরের মধ্যে ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানির অনুমতি প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উক্তরূপ মেয়াদ অতিক্রান্ত হইবার অন্যূন ১ (এক) মাস পূর্বে আমদানিকারক লিখিত আবেদন করিলে কমিশনার উক্ত মেয়াদ ৬ (ছয়) মাস পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

(৮) ফেরতের ভিত্তিতে সাময়িকভাবে আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম উপ-বিধি (৭) এ উল্লিখিত সময়ের মধ্যে যুক্তিসংগত কারণে ফেরত প্রদান করা সম্ভব না হইলে, আমদানিকারক জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস) এর নিকট সময় বৃদ্ধির জন্য আবেদন করিতে পারিবেন এবং জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস) প্রাপ্ত আবেদনটি পরীক্ষা করিয়া যথাযথ বিবেচনা করিলে প্রয়োজনীয় সময় বৃদ্ধির আদেশ প্রদান করিতে পারিবেন।

(৯) ফেরতের ভিত্তিতে সাময়িকভাবে আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম ত্রুটিপূর্ণ অথবা বিদ্যমান আমদানি নীতি আদেশ অথবা Customs Act, 1969 এর কোনো বিধান লঙ্ঘিত হইলে আমদানিকারক নিজ দায়িত্বে অন্যান্য পণ্যের ন্যায় সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করিয়া উহা ফেরত পাঠাইবেন।

(১০) শুল্কায়ন সংশ্লিষ্ট দলিলাদি ফেরত প্রদানকালে চূড়ান্ত শুল্কায়নের সময় উপস্থাপনের জন্য সংরক্ষণ করিতে হইবে।

৪। **ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম নিষ্পত্তি পদ্ধতি।**—(১) ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম যে কাস্টমস স্টেশন দিয়া আমদানি করা হইবে সেই কাস্টমস স্টেশন দিয়া ফেরত প্রদান করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, কোনো কারণে উক্ত স্টেশন দিয়া ফেরত প্রদান করা সম্ভব না হইলে আমদানি সংশ্লিষ্ট কমিশনারের পূর্বানুমতি গ্রহণ করিয়া অন্য কাস্টমস স্টেশন দিয়া ফেরত প্রদান করিতে হইবে।

(২) ফেরত প্রদানকালে সাময়িক আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম চালানটির ফেরত প্রদান নিশ্চিত করিবার লক্ষ্যে অন্যূন সহকারী কমিশনারের তত্ত্বাবধানে শতভাগ কায়িক পরীক্ষা করিয়া প্রযোজ্য সকল কাস্টমস আনুষ্ঠানিকতা প্রতিপালন করিতে হইবে, কাস্টমস আনুষ্ঠানিকতা প্রতিপালনকালে আমদানি সংক্রান্ত দলিলাদি দাখিল করিতে হইবে।

(৩) সংশ্লিষ্ট পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম ফেরত প্রদান সম্পন্ন হইলে আমদানিকারক কর্তৃক ফেরত প্রদানের স্বপক্ষে তথ্য ও দলিলাদি সংশ্লিষ্ট কমিশনারের নিকট দাখিল এবং অনুমোদন সাপেক্ষে ব্যাংক গ্যারান্টি অবমুক্ত করিতে হইবে।

(৪) ফেরতের ভিত্তিতে সাময়িকভাবে আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম নির্ধারিত সময়ের মধ্যে ফেরত প্রদান করিতে ব্যর্থ হইলে সংশ্লিষ্ট কমিশনার চালানটির চূড়ান্ত শুল্কায়ন করিয়া প্রযোজ্য ক্ষেত্রে শুল্ক-কর ও Customs Act, 1969 এর অধীন জরিমানার অর্থ আদায়ের লক্ষ্যে ব্যাংক গ্যারান্টি নগদায়ন এবং অতিরিক্ত অর্থ আদায়ের অনুমতি প্রদান করিতে পারিবেন।

(৫) জাতীয় রাজস্ব রোর্ডের সদস্য (কাস্টমস) এর পূর্বানুমতি ব্যতীত এই বিধিমালার অধীন আমদানিকৃত পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম স্থানীয় বাজারে বিক্রয় বা অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট ব্যবহারের উদ্দেশ্যে হস্তান্তর, বিক্রয় বা অন্য কোনো উদ্দেশ্যে সরবরাহ করা যাইবে না:

তবে শর্ত থাকে যে, জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস) এর অনুমতি গ্রহণ করিয়া উপ-বিধি (৪) এর বিধান অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর ও সুদ পরিশোধ করিয়া বিক্রয় বা হস্তান্তর করা যাইবে।

(৬) উপ-বিধি (৪) এর অধীন ব্যাংক গ্যারান্টি নগদায়ন বা অর্থ আদায় করা সম্ভব না হইলে, আমদানির তারিখ হইতে প্রযোজ্য শুল্ক-করাদির অতিরিক্ত মাসিক শতকরা এক ভাগ হারে সুদ ও, প্রযোজ্য ক্ষেত্রে, Customs Act, 1969 এর অধীন জরিমানাও আদায়যোগ্য হইবে।

৫। **রহিতকরণ ও হেফাজত।**—(১) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ১০ ডিসেম্বর, ১৯৮৪ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন S.R.O No.-542-L/84/886/Cus এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি বিধি (১) এর অধীন উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত প্রজ্ঞাপনের অধীন কৃত বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হাইয়াছে বলিয়া গণ্য হইবে এবং চলমান কোনো কার্যক্রম এই বিধিমালার অধীন নিষ্পন্ন হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

**ড. মোঃ নেয়ামুল ইসলাম**
প্রথম সচিব (কাস্টমস অব্যাহতি ও প্রকল্প সুবিধা)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd